

# যুগান্তর

## ক্লাসে ফিরেছেন শিক্ষক-শিক্ষার্থীরা

👤 রাবি প্রতিনিধি

🕒 ১৪ মার্চ ২০২৩, ২২:৫৪:০০ | [অনলাইন সংস্করণ](#)



স্থানীয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থীদের মধ্যকার সংঘর্ষের ঘটনায় দুই দিন ক্লাস-পরীক্ষা বন্ধ থাকার পর সংঘর্ষের তৃতীয় দিনে ক্লাসে ফিরেছেন বিশ্ববিদ্যালয়টির শিক্ষক-শিক্ষার্থীরা। মঙ্গলবার সকাল থেকেই ক্লাস পরীক্ষায় অংশগ্রহণ করতে ক্যাম্পাসে আসতে শুরু করেন শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয়ের বাসগুলোও নির্ধারিত সময়ে ছেড়ে গিয়ে নগরীর বিভিন্ন জায়গা থেকে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের নিয়ে এসেছে ও বিকালে পৌঁছে দিয়েছে। বিশ্ববিদ্যালয়ের সামনের ঢাকা-রাজশাহী মহাসড়কেও স্বাভাবিক ছিল যান চলাচল।

এদিকে গত রোববার রাতে শিক্ষার্থীদের রেললাইন অবরোধের ঘটনায় ২০০-৩০০ জন অজ্ঞাতনামা 'বিক্ষুব্ধ জনতার' বিরুদ্ধে মামলা করেছে রেলওয়ে কর্তৃপক্ষ। আবার এদিন সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত শিক্ষার্থীদের ওপর স্থানীয় এবং পুলিশের ন্যাকারজনক

x



হামলার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে নগ্নপদে অবস্থান কর্মসূচি করেছেন বিশ্ববিদ্যালয়ের এক অধ্যাপক। উদ্ভূত পরিস্থিতি সমাধানে মঙ্গলবার সন্ধ্যায় স্থানীয়দের সঙ্গে প্রশাসন ভবনে আলোচনায় বসে বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ।

সরেজমিন দেখা যায়, মঙ্গলবার সকাল থেকেই ক্যাম্পাসের সব দোকানপাট খুলতে শুরু করে। টুকিটাকি চত্বর, পরিবহন চত্বরের দোকানগুলোয় ফিরেছে শিক্ষার্থীদের কোলাহল। চায়ের দোকানগুলোতেও শুরু হয় আড্ডা। নির্ধারিত সময়ে ক্লাস-পরীক্ষায় অংশগ্রহণ করে হলে, মেসে বা বাসায় ফিরে গেছেন শিক্ষক-শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের বাসগুলো সকালে নির্ধারিত সময়ে ছেড়ে গিয়ে নগরীর বিভিন্ন জায়গা থেকে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মচারীদের নিয়ে এসেছে এবং পৌঁছে দিয়েছে।

এদিকে ঢাকা-রাজশাহী মহাসড়কে যান চলাচল স্বাভাবিক হয়েছে। মঙ্গলবার সকাল ৭টা থেকে চলে বাস-ট্রাকের মতো বড় যান। বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক ও বিনোদপুর গেটের সামনে পুলিশের অবস্থান দেখা গেছে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক আসাবুল হক বলেন, আজ (মঙ্গলবার) থেকে ক্লাস-পরীক্ষা শুরু হয়েছে। ক্যাম্পাস স্বাভাবিক করতে তারা সর্বোচ্চ চেষ্টা করছেন। শিক্ষার্থীদের দাবি নিয়ে ছাত্র সংগঠনগুলোর সঙ্গে আলোচনায় বসা হবে।

---

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023